সংবাদ

তারিখ ২৫।১২।৮২
পৃষ্ঠা ... কলাম ...



# চাঁদপুর কলেজে ধর্মঘট

চাঁদপুর, ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।--চাঁদপুর সরকারী কলেজের ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে কলেজ ছাত্র সংসদসহ বিভিন্ন ছাত্র সংগঠনের যৌথ আহ্বানে গত ২১শে নভেম্বর থেকে অনির্দিষ্ট-কালের জন্য ধর্মঘট চলছে।

গত ২৬শে অক্টোবর জনৈক পরীক্ষার্থী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক টিমের জনৈক সদস্যের সাথে অশোভন আচরণ ও দুর্ব্যবহারের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত কেন্দ্রের বাকী পরীক্ষাগুলো স্থগিত ঘোষণা করেন। পরবর্তী এক নির্দেশে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আগামী ২রা ডিসেম্বর থেকে বাকী পরীক্ষাগুলো মহিলাদের জন্য কুমিল্লা মহিলা কলেজে এবং পুরুষ পরীক্ষার্থীদের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রে গ্রহণের সিদ্ধান্ত ঘোষণা করেন। এর প্রতিবাদে গত ২১শে নভেম্বর থেকে কলেজে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু হয়েছে।